

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৬৮৫

১০/ আযান (কتاب الأذان)

পরিচ্ছেদঃ ১০/৪৯. কয়েক ব্যক্তি কিরা'আত পাঠে সমান হলে, তাদের মধ্যে বয়সে বড় ব্যক্তি ইমাম হবেন।

بَابٌ إِذَا اسْتَوَوْا فِي الْقِرَاءَةِ فَلِيُؤْمَّهُمْ أَكْبَرُهُمْ

আরবী

سُلَيْمَانُ بْنُ حَرْبٍ قَالَ حَدَّثَنَا حَمَادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ مَالِكِ بْنِ
 الْحُوَيْرِثِ قَالَ قَدْمَنَا عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَنَحْنُ شَبَّابٌ فَلَبِّثْنَا عِنْدَهُ نَحْوًا مِنْ
 عِشْرِينَ لَيْلَةً وَكَانَ النَّبِيُّ رَحِيمًا فَقَالَ لَوْ رَجَعْتُمْ إِلَى بِلَادِكُمْ فَعَلَمْتُمُوهُمْ مُرُوْهُمْ فَلِيُصَلِّوَا
 صَلَاتَةَ كَذَا فِي حِينِ كَذَا وَصَلَاتَةَ كَذَا فِي حِينِ كَذَا وَإِذَا حَضَرَتِ الصَّلَاةُ فَلِيُؤَذِّنْ لَكُمْ
 أَحَدُكُمْ وَلِيُؤْمِنْكُمْ أَكْبَرُكُمْ.

বাংলা

৬৮৫. মালিক ইবনু হুওয়াইরিস (রায়ি.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা একদল যুবক একদা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর খেদমতে উপস্থিত হলাম এবং প্রায় বিশ রাত্রি আমরা সেখানে থাকলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ছিলেন অত্যন্ত দয়ালু। তাই তিনি আমাদের বললেনঃ তোমরা যখন নিজ দেশে ফিরে গিয়ে লোকদের দ্বীন শিক্ষা দিবে, তখন তাদের এ সময়ে অমুক সালাত আদায় করতে বলবে এবং ঐ সময়ে অমুক সালাত আদায় করতে বলবে। অতঃপর যখন সালাতের সময় হয় তখন তোমাদের একজন আযান দিবে এবং তোমাদের মধ্যে বয়সে বড় ব্যক্তি ইমামাত করবে। (৬২৮) (আধুনিক প্রকাশনীঃ ৬৪৪, ইসলামিক ফাউন্ডেশনঃ ৬৫১)

English

Narrated Malik bin Huwairith:

We went to the Prophet (ﷺ) and we were all young men and stayed with him for about twenty nights. The Prophet (ﷺ) was very merciful. He said, "When you return home, impart religious teachings to your families and tell them to offer perfectly such and such a prayer at such and such a time and

such and such a prayer at such and such a time. And at the time of the prayer one of you should pronounce the Adhan and the oldest of you should lead the prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁজিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ মালিক ইবনু হয়াইরিস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=24521>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন